

নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ মনিটরিং সংক্রান্ত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব আতিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
গোদাগাড়ী, রাজশাহী

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ
গোদাগাড়ী, রাজশাহী

সভার তারিখ : ২৯ আগস্ট ২০২৩

সভার সময় : বেলা ১২.০০ টায়

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভায় উপস্থিত উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোদাগাড়ী, রাজশাহীর নিকট হতে বর্তমানে নিত্য প্রয়োজনীয় দ্রব্য মূল্যের বাজার পরিস্থিতি সম্পর্কে জানতে চাইলে তিনি সভায় বর্তমান বাজার পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত প্রতিবেদন সভায় উপস্থাপন করেন যা নিম্নরূপ :

ক্রমিক নং	দ্রব্যের নাম	মাপের একক	বর্তমান বাজার দর (টাকা)	বাজার পরিস্থিতি
০১।	মোটা চাল	কেজি	৪০-৪৫	স্বাভাবিক
০২।	সরু চাল	"	৫০-৫৫	
০৩।	সয়াবিন তেল	"	১৭০-১৮০	
০৪।	আটা (খোলা)	"	৪০-৪২	
০৫।	প্যাকেটজাত আটা	"	৪৮-৫০	
০৬।	আদা দেশী	"	১৬০-১৭০	
০৭।	আদা (আমদানিকৃত)	"	১৫৫-১৬০	
০৮।	রসুন (দেশী)	"	২০০-২১০	
০৯।	রসুন (আমদানিকৃত)	"	১৮০-১৯০	
১০।	পেঁয়াজ দেশী	"	৫৫-৬০	
১১।	পেঁয়াজ (আমদানিকৃত)	"	৪০-৪৫	
১২।	মসুর ডাল (দেশী)	"	৯০-১০০	
১৩।	মসুর ডাল (আমদানিকৃত)	"	৮০-৯০	
১৪।	পামগুয়েল	"	১৩৫-১৪০	
১৫।	দেশী আলু	"	৪০-৪৫	
১৬।	আলু-হল্যান্ড	"	৩০-৩৫	
১৭।	কাঁচা মরিচ	"	১১০-১২০	
১৮।	শুকনো মরিচ	"	৪৫০-৫০০	
১৯।	দারুচিনি	"	৩৫০-৪০০	
২০।	লবঙ্গ	"	১৪০০-১৫০০	
২১।	এলাচ (ছোট)	"	১৫০০-২০০০	
২২।	এলাচ (বড়)	"	১০০০-১২০০	
২৩।	লবণ (প্যাকেট)	"	৩৫-৪০	
২৪।	লবণ (খোলা)	"	১৫-২০	
২৫।	হলুদ (কাঁচা)	"	১৭০-১৮০	
২৬।	হলুদ (গুড়া)	"	২০০-২১০	
২৭।	জিরা	"	১০০০-১১০০	
২৮।	চিনি	"	১৩০-১৩৫	
২৯।	ডিম	হালি	৪৫-৫০	
৩০।	গরুর মাংস	কেজি	৭০০-৭৫০	
৩১।	খাসির মাংস	"	১০০০-১০৫০	
৩২।	ব্রয়লার মুরগির মাংস	"	১৬০-১৭০	

তিনি সভায় জানান যে, বর্তমানে বাজারমূল্য কিছুটা বৃদ্ধি পেলেও অন্যান্য জিনিস পত্রের দাম স্বাভাবিক রয়েছে। তবে দ্রব্যের মূল্য ক্রমশে সাধারণের ক্রয় ক্ষমতার মধ্যে রয়েছে। বাজার মূল্য স্থিতি রাখার লক্ষ্যে বিএসটিআই এর সাথে যৌথভাবে অভিযান পরিচালনা করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। এছাড়াও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোদাগাড়ী, রাজশাহীকে নিয়মিতভাবে বাজার মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ


(০১) বাজার মনিটরিং কমিটি :

- | | |
|--|--------|
| ক) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গোদাগাড়ী, রাজশাহী | আহবাবক |
| খ) উপজেলা মৎস্য অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | সদস্য |
| গ) উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | সদস্য |

(০১) কোন অসাধু ব্যবসায়ী যেন কোনভাবে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সে বিষয়ে সজাগ থাকার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

(০২) ভোক্তাগণ যাতে সঠিক মূল্যে ও ওজনে তাদের কাঙ্ক্ষিত দ্রব্য ক্রয় করতে পারেন। ব্যবসায়ীরা যাতে মেয়াদ উত্তীর্ণ ঔষধ অন্যান্য পণ্য বিক্রয় করতে না পারে সে বিষয়টি নিয়মিতভাবে মনিটরিংয়ের মাধ্যমে নিশ্চিত করণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে এই উপজেলায় বিভিন্ন গুরুত্বপূর্ণ বাজারসমূহে প্রশাসনসহ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও জনপ্রতিনিধিদের নিজ নিজ অবস্থানে থেকে কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়ে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি নিত্য প্রয়োজনীয় দ্রব্য মূল্য মনিটরিং রাখার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে এগিয়ে আসার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(আতিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ সংক্রান্ত মনিটরিং কমিটি
গোদাগাড়ী, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোদাগাড়ী, রাজশাহী
Web: godagari.rajshahi.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮১.৩৪.০০০.০৯.০১৬.২৩- ১৪২৬

তারিখ : ২৬ ভাদ্র ১৪৩০
১০ সেপ্টেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- | | |
|--|--------------------|
| ০১। জেলা প্রশাসক, রাজশাহী | |
| ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৩। মেয়র, গোদাগাড়ী/কাঁকনহাট পৌরসভা, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৪। উপজেলা অফিসার, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৫। চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী | |
| ০৬। জনাব..... | গোদাগাড়ী, রাজশাহী |

গোদাগাড়ী, রাজশাহী

(আতিকুল ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার

গোদাগাড়ী, রাজশাহী

টেলিফোন: ০২৪৭৮-৫৬০০৭ (অফিস)

ই-মেইল: unogodagari@mopa.gov.bd